



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৫ জুন '২০২৩।

### চসিকের পরিচ্ছন্ন বিভাগে সংযুক্ত হলো জিপিএইচের দেয়া ১০০ রিকশাভ্যান

ঙ্গুল আয়ত্ত কোরবানির বর্জ্য ব্যবস্থাপনাকে আরো গতিশীল করতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন বিভাগে সংযুক্ত হলো ১০০ রিকশাভ্যান।

রোববার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে রিকশাভ্যানগুলো চট্টগ্রামের শিল্পপ্রতিষ্ঠান জিপিএইচ ইস্পাত কর্তৃপক্ষ চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর কাছে উপহার হিসেবে হস্তান্তর করেন।

এসময় মেয়র বলেন, চট্টগ্রামকে এগিয়ে নিতে সরকারি-বেসরকারি সবগুলো প্রতিষ্ঠানকে একযোগে কাজ করতে হবে। এবারে নগরীকে ৬টি জোনে ভাগ করে কোরবানির বর্জ্য বিকাল পাঁচটার মধ্যে পরিচ্ছন্ন করার জন্য ৩৭০টি গাড়ি নিয়ে কাজ করব আমরা। কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার অংশ থেকে জিপিএইচ ইস্পাতের দেয়া এ উপহার চট্টগ্রামের পরিচ্ছন্ন বিভাগকে করবে আরো গতিশীল।

জিপিএইচ ইস্পাতের লজিস্টিক্স এবং নিরাপত্তা উপদেষ্টা কর্নেল মোহম্মদ শওকত ওসমান পিএসসি (অব.) বলেন, মেয়র রেজাউল করিমের তিলোভূমা চট্টগ্রাম গড়ার যে প্রয়াস তার সাথে সামিল হতে জিপিএইচ ইস্পাতের এই উপহার।

জিপিএইচ ইস্পাতের মিডিয়া এডভাইজার অভীক ওসমানের সূচনা বক্তব্যের সাথে অনুষ্ঠানে অংশ নেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, নেছার উদ্দিন মঞ্জু, হাজী নুরুল হক, গাজী মো. শফিউল আজম, চসিক সচিব খালেদ মাহমুদ, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা আরুল হাশেম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, চসিকের উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল ইসলাম, প্রকৌশলী তোহিদুল হাসান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮